The Bangladesh Monitor - A Premier Travel Publication

# বিমানবন্দরে তুমুল মারামারি ভিডিও ভাইরাল

- A Monitor Desk Report | Date: 25 May, 2023



যুক্তরাষ্ট্রের শিকাগোর ওহারে আন্তর্জাতিক বিমানবন্দরে তুমুল মারামারির একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে। এই মারামারিতে বেশ কয়েকজন অংশ নেয়।

ভিডিওতে দেখা যাচ্ছে,বিমানবন্দরের এই মারামারিতে বেশ কয়েকজন অংশ নেয়। প্লেন থেকে নামার সময় কথাকাটাকাটির এক পর্যায়ে মারামারিতে জড়িয়ে পড়েন তারা।

বিমানবন্দরের যেখানে লাগেজ আসে সেখানে এই মারামারির ঘটনা ঘটে। ভিডিওতে দেখা যায়, ২৪ বছর বয়সী এক নারীকে অন্য দুইজন ঘুসি মারছে।

এরই মধ্যে অভিযুক্তদের গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। তারা হলেন ১৮ বছর বয়সী ক্রিস্টোফার হ্যাম্পটন ও ২০ বছর বয়সী টেমব্রা হিকস। ভিডিওতে দেখা যায়, টার্মিনাল -৩ এর নিচের স্তরে একাধিক ব্যক্তির মধ্যে মারামারি হচ্ছে। এসময় একজন আরেক জনকে লাথি, কিল, ঘুসি মারছিলেন।

এ ঘটনার পর শিকাগো ডিপার্টমেন্ট অব এভিয়েশন একটি বিবৃতি প্রকাশ করে জানিয়েছে, নিরাপত্তাকে সব সময় অগ্রাধিকার দেওয়া হয়। তাছাড়া সব বিভাগের সঙ্গে সমন্বয় করে এখানে নিরপত্তা নিশ্চিত করা হয় বলেও জানায় সংস্থাটি। এবং বিমান বন্দরে এই মারামারিতে জড়িত সকলকে যথোপযুক্ত শাস্তি দেওয়া হবে।

-B